

হবি সংবাদ

ঢাকা

চট্টগ্রাম

রাজশাহী

খুলনা

সিলেট

বরিশাল

রংপুর

ময়মনসিংহ

খবর > সমগ্র বাংলাদেশ



কক্সবাজারে পাহাড় কাটতে গিয়ে ধস, দুইজনের মৃত্যু

কক্সবাজার প্রতিনিধি, বিভিন্নিউজ টোয়েন্টিফোর ডটকম

Published: 21 Oct 2020 12:24 PM BdST | Updated: 21 Oct 2020 01:33 PM BdST



কক্সবাজারের রামুতে পাহাড় কাটতে গিয়ে মাটি ধসে দুই জনের মৃত্যু হয়েছে।

বুধবার ভোররাতে রামু উপজেলার কাউয়ারখোপ ইউনিয়নের লট উখিয়ারঘোনা এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন, কাউয়ারখোপ ইউনিয়নের লট উখিয়ারঘোনা এলাকার মোহাম্মদ কালুর ছেলে মুজিবুর রহমান (৪০) এবং উখিয়ারঘোনা স্কুল পাড়ার মোহাম্মদ হাসানের ছেলে আলী আহাম্মদ (২৮)।

রামু থানার ওসি মো. আজমিরুজ্জামান জানান, বুধবার ভোররাতে তারা পাহাড়ের মাটি কেটে ডাম্পারে ভর্তি করার সময় পাহাড় ধসে তাদের মৃত্যু হয়েছে বলে প্রাথমিকভাবে নিশ্চিত হয়েছেন।

সাম্প্রতি

বিজিবি
ধরছেবান্দর
রোহিত

রাজশ

ফরিদা

বগুড়া

পটুয়াখ

কক্সবা
মৃত্যু

ভাষা

ধামরা
উদ্ধার

গোপা

মতামত



বিশ্বায়ন ব
কোনটা?



পরিবারে

ছবি সঃ

কুড়িগ্র

ধর্ষণ-1

কুষ্টিয়া

ঘাসের

বার্তা

শেষ স

বাড়িতে

নোয়াখ

সরীপরি

স্থানীয় বাসিন্দা মোহাম্মদ হোসেন বলেন, লট উখিয়ারঘোনা এলাকায় একটি চক্র দীর্ঘদিন ধরে রাতে আঁধারে পাহাড় কেটে মাটি বিক্রি করে আসছে।

“বুধবার রাতেও চারজন শ্রমিক ওই এলাকায় পাহাড়ের মাটি কাটতে যায়। এ সময় পাহাড়ের একাংশ দুই শ্রমিকের উপর ধসে পড়ে। এতে মাটি চাপা পড়ে ঘটনাস্থলে দুইজন মারা যান।”

কাউয়ারখোপ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোস্তাক আহাম্মদ বলেন, ঘটনাটি ভোরে শুনেছি। শোনা মাত্রই রামু থানার পুলিশকে অবগত করি। পরে রামু থানার ওসি সহ ঘটনাস্থলে গিয়ে দুই জনের মৃতদেহ উদ্ধার করা হয়।

লাশ দুইটি ময়নাতদন্তের জন্য কক্সবাজার সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।